ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে




DL- No.-03 /Date:29/02/2025 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১৪৮ ● কলকাতা ● ১৮ জ্যৈষ্ঠ, ১৪৩২ ● সোমবার ● ০২ জুন ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## শুভেন্দু অধিকারীকে সঙ্গে নিয়ে মধ্যাহ্নভোজন সারলেন অমিত



বেবি চক্রবর্তী:কলকাতা

রবিবার দুপুরে বাইপাস-এর ধারে পাঁচ তারা হোটেলে শুভেন্দু অধিকারীকে সঙ্গে নিয়ে মধ্যাহ্নভোজন সারলেন অমিত শাহ। শাহী মেনুতে ছিল আদ্যপান্ত বাঙালি ছোঁয়া। সুন্দরভাবে থালায় সাজানো বাসমতি চাল এর ভাত, সব্জি দিয়ে মুগ ডাল, স্যালাড, শাক-বেগুন- ভেন্দি আলু ভাজা, এঁচোড় কাটলেট, ধোকার ডালনা, পটল দোরমা, গরম রুটি, পনির, কাসুরি মেথি আলুর দম।

এরপর ৩ পৃষ্ঠায়

# রাজ্যে অমিত শাহ - কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিবের নেতৃত্বে কেন্দ্র-রাজ্য উচ্চপর্যায়ের বৈঠক




বেবি চক্রবর্তী:কলকাতা

শুধু রাজনৈতিক সফর নয়, স্বরাষ্ট্রমন্ত্রীর আছে একাধিক সরকারই অনুষ্ঠানও। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহর রাজ্য সফরের মধ্যেই কলকাতায় বসছে এক গুরুত্বপূর্ণ প্রশাসনিক বৈঠক। রাজ্যের আইনশৃঙ্খলা, সীমান্তবর্তী এলাকার নিরাপত্তা এবং ভারতীয় ন্যায় সংহিতা (BNS) কার্যকর করার বিষয়েই আলোচনা হবে এই বৈঠকে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিবের নেতৃত্বে আজ দুপুরে বাইপাস লাগোয়া এক স্থানে এই বৈঠক অনুষ্ঠিত হবে বলে সূত্রের খবর। বৈঠকে উপস্থিত থাকবেন রাজ্যের মুখ্যসচিব, স্বরাষ্ট্রসচিব ও রাজ্য পুলিশের ডিজি। আলোচনার মূল এজেন্ডা থাকবে—

* সীমান্তবর্তী অঞ্চলের নিরাপত্তা জোরদার করা, সীমান্তে কাঁটাতার বসাতে জমি সংক্রান্ত সমস্যা ও তার সমাধান।

* ভারতীয় ন্যায় সংহিতা আইন কীভাবে কার্যকর করা যায় তা নিয়ে বিস্তারিত পরিকল্পনা।

এরপর ৩ পাতায়






# সুপ্রিম কোর্টের আইনজীবী থেকে লোকসভা সাংসদ



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

তাঁকে নিয়ে ক্রিকেটপ্রেমীদের মধ্যে জোর চর্চা। কারণ কয়েকদিন পরেই নাইট তারকা রিঙ্কু সিংয়ের সঙ্গে বাগদান সারবেন তিনি। তারপর থেকেই ক্রিকেটপ্রেমীদের মনে প্রশ্ন, কে এই প্রিয়া সরোজ? কীভাবে রিঙ্কুর সঙ্গে তাঁর দেখা? তাঁদের সম্পর্ক বিয়ে পর্যন্ত গড়াল কীভাবে?প্রিয়ার সঙ্গে নাইট তারকার প্রেম শুরু হল কী করে? এক ক্রিকেটারের মাধ্যমে রিঙ্কু ও প্রিয়ার আলাপ হয়। তারপর প্রায় বছরখানেক সম্পর্ক ছিল তাঁদের মধ্যে। তবে দু'জন একে-অপরকে দীর্ঘদিন ধরে পছন্দ করলেও পরিবারের সম্মতির জন্য অপেক্ষা করেছেন। অবশেষে দু'জনের সম্পর্কে রাজি হয়েছে দুই পরিবার।

জানা গিয়েছে, নতুন ইনিংস শুরু করতে চলেছেন রিঙ্কু সিং। নাইটদের আইপিএল অভিযান শেষ। এবার বিয়ের পিঁড়িতে বসার প্রস্তুতিতে রিঙ্কু। শোনা যাচ্ছে, আগামী ৮ জুন উত্তরপ্রদেশের সমাজবাদী পার্টির সাংসদ প্রিয়া সরোজের সঙ্গে বাগদান পর্ব সম্পন্ন হবে কেকেআরের ক্রিকেটারের। কবে সাতপাকে বাঁধা পড়বেন রিঙ্কু-প্রিয়া, তা অবশ্য এখনও জানা যায়নি। আপাতত লখনউয়ের বিলাসবহুল হোটেলে বাগদান পর্ব সম্পন্ন হবে দুই পরিবারের উপস্থিতিতে। চলতি বছরের শেষদিকে হয়তো বিয়ে সারতে পারেন রিঙ্কু।

২৬ বছর বয়সি প্রিয়ার জন্ম বারাণসীতে। তাঁর বাবা তুফানি সরোজও রাজনীতিক। সমাজবাদী পার্টির টিকিটে টানা তিনবার সাংসদ হয়েছেন তুফানি সরোজ। তবে ২০১৪ সালে লোকসভা নির্বাচনে হেরে যান। বর্তমানে তিনি উত্তরপ্রদেশের কেরাকাটের বিধায়ক। তবে সাংসদের কন্যা হয়েও রাজনীতি থেকে দীর্ঘদিন নিজেকে দূরে রেখেছিলেন প্রিয়া। নয়াদিল্লির স্কুলের পর দিল্লি বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক স্তরের পড়াশোনা করেন। পরে অ্যামিটি বিশ্ববিদ্যালয় থেক আইন পড়েন প্রিয়া।

আইনজীবী হিসাবে বেশ কয়েকদিন সুপ্রিম কোর্টে প্র্যাক্টিস করেছেন রিঙ্কুর হবু স্ত্রী। রাজনীতি নয়, প্রিয়ার মন ছিল বিচারক হওয়ার দিকে। কোভিড অতিমারীর সময়ে বিচারক হওয়ার পরীক্ষার প্রস্তুতি নিতেন প্রিয়া। এমনকি লোকসভা নির্বাচনে সমাজবাদী পার্টির প্রার্থী হিসাবে যখন তাঁর নাম ঘোষণা করা হয় তখনও তিনি পরীক্ষার প্রস্তুতিই নিচ্ছিলেন। শেষ পর্যন্ত গত বছরের লোকসভা নির্বাচনে মছলিশহর কেন্দ্র থেকে ৩৫ হাজারেরও বেশি ভোটে জেতেন প্রিয়া। বর্তমান সাংসদদের মধ্যে তিনি দ্বিতীয় কনিষ্ঠতম।

# দেশে বেড়েই চলেছে করোনা আক্রান্তের সংখ্যা

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



**কলকাতা:-** আবার কি সেই ভয়ঙ্কর দিন আসছে? আবার কি বিশ্ব সন্ত্রস্ত হয়ে উঠবে? আবার কি পৃথিবী দেখবে মৃত্যুর মিছিল? কারণ দেশে বেড়ে চলেছে করোনা আক্রান্তের সংখ্যা। একদিনেই ২ হাজারের গণ্ডি থেকে ৩ হাজারে পৌঁছে গেল করোনা আক্রান্তের সংখ্যা। বর্তমানে দেশে মোট আক্রান্তের সংখ্যা ৩৩৯৫। সবথেকে বেশি আক্রান্তের খোঁজ মিলেছে কেরলে। নতুন করে একবার উদ্বেগ বাড়াচ্ছে করোনা সংক্রমণ। করোনার দুই ভ্যারিয়েন্ট নতুন করে সংক্রমণ ছড়াচ্ছে। স্বাস্থ্য মন্ত্রকের তথ্য অনুযায়ী, বর্তমানে দেশে করোনা আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩৩৯৫-এ। একদিনেই নতুন করে সংক্রমিত হয়েছেন ৬৮৫ জন। গত ২৪ ঘণ্টায় ৪ জনের মৃত্যু হয়েছে। সর্বোচ্চ সংক্রমণ কেরলে। সেখানে বর্তমানে করোনা আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১৩৩৬-এ। এরপরে রয়েছে মহারাষ্ট্র, সেখানে আক্রান্তের সংখ্যা ৪৬৭। দিল্লিতে করোনা আক্রান্তের সংখ্যা ৩৭৫। গুজরাটে আক্রান্তের সংখ্যা ২৬৫, কর্নাটকে ২৩৪। রাজ্যেও ক্রমে সংক্রমণ বাড়ছে। পশ্চিমবঙ্গে করোনা আক্রান্তের সংখ্যা ২০৫। তামিলনাড়ুতে ১৮৫ জন এবং উত্তর প্রদেশে করোনা আক্রান্তের সংখ্যা ১১৭।চিকিৎসক-বিশেষজ্ঞরা জানিয়েছেন, করোনা নিয়ে আতঙ্কিত হওয়ার কোনও কারণ নেই। যারা সংক্রমিত হচ্ছেন, তাদের মধ্যে অধিকাংশই বাড়িতে থেকে সুস্থ হয়ে উঠছেন।






(১ম পাতার পর)

# রাজ্যে অমিত শাহ - কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিবের নেতৃত্বে কেন্দ্র-রাজ্য উচ্চপর্যায়ের বৈঠক

কেন্দ্রীয় স্বরাষ্ট্র দফতরের পক্ষ থেকে একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমেও রাজ্য প্রশাসনকে জানানো হবে— কোন কোন ক্ষেত্রে আরও পদক্ষেপ নেওয়া দরকার। ইতিমধ্যেই কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব কলকাতার উদ্দেশ্যে রওনা দিয়েছেন। শনিবার রাত ১০টা নাগাদ কলকাতা বিমানবন্দরে এসে পৌঁছন অমিত শাহ। বিমানবন্দরেই তাঁকে স্বাগত জানাতে হাজির ছিলেন বিজেপি নেতা-কর্মীরা। ঢাকঢোল সহকারে তাঁকে বরণ করে নেওয়া হয়। গাড়ির কনভয় থামিয়ে সমর্থকদের উদ্দেশে হাত নেড়ে অভিবাদন জানান শাহ। তাঁর সঙ্গে একই বিমানে ছিলেন রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার। পরে গাড়িতে তাঁদের সঙ্গে যোগ দেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও।

(১ম পাতার পর)

# শুভেন্দু অধিকারীকে সঙ্গে নিয়ে মধ্যাহ্নভোজন সারলেন অমিত

শেষ পাতে মিষ্টি দই, রসগোল্লা, জল ভরা সন্দেশ, আর আম। সব মিলিয়ে একেবারে জামাইষষ্ঠীর দুপুরের মধ্যাহ্নভোজন জমজমাট। শনিবার রাতে বৃষ্টি মাথায় কলকাতায় পা রাখেন দেশের কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। রাত ১০টা নাগাদ কলকাতা বিমানবন্দরে পৌঁছন তিনি। এই সফরে অমিত শাহের একাধিক গুরুত্বপূর্ণ কর্মসূচি রয়েছে। সব কর্মসূচি শেষে রবিবার সন্ধ্যায় বিএসএফের বিশেষ বিমানে দিল্লি ফিরে যাবেন তিনি।

# আজও হাজিরা দিলেন না অনুব্রত




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

**বীরভূম:-** অনুব্রত আছে অনুব্রততেই। শনিবারের পরে রবিবারও তিনি থানায় হাজিরা দিলেন না। বোলপুর থানার আইসিকে কদর্য গালাগালি দেওয়ার ঘটনায় পুলিশি তলবে দ্বিতীয় দিনও নির্ধারিত সময় অতিক্রম করার পরে হাজিরা দিলেন না অনুব্রত মণ্ডল। এদিনও অনুব্রতর হাজিরা ঘিরে বোলপুরের মহকুমা পুলিশ আধিকারিকের দফতরের সামনে ছিল আঁটোসাঁটো নিরাপত্তা ব্যবস্থা। পুলিশি ব্যারিকেড করে গোটা রাস্তা ছিল নো এন্ট্রি। মোতায়েন ছিল প্রচুর পুলিশকর্মী ও আধিকারিক। তবে বেলা ১১টা পার হলেও এদিনও হাজিরা দেননি অনুব্রত। শোনা যাচ্ছে, সোমবার আদালতে আগাম জামিনের আবেদন করে হাজিরা দিতে পারেন তিনি।

বোলপুর থানার আইসি লিটন হালদারকে ফোনে কুৎসিৎ গালি দেওয়ার অভিযোগে শুক্রবার অনুব্রত মণ্ডলের বিরুদ্ধে FIR দায়ের করে পুলিশ। শনিবার তাঁকে তলব করা হয়। কিন্তু শনিবার হাজিরা দেননি তিনি। রবিবার ফের তাঁকে তলব করা হয়। তার পরই তিনি শেষ পর্যন্ত হাজিরা দেবেন কি না তা নিয়ে শুরু হয় জল্পনা। অনুব্রত মণ্ডলের ঘনিষ্ঠ মহল সূত্রে খবর, হাজিরা দেওয়া নিয়ে দোলাচলে রয়েছেন তিনি। হাজিরা দিলেই তাঁর ফোন বাজেয়াপ্ত করতে পারে পুলিশ। এমনকী তাঁকে গ্রেফতারও করতে পারে। সেক্ষেত্রে তাঁর রাজনৈতিক ভবিষ্যৎ বলে আর কিছু অবশিষ্ট থাকবে না। বিকল্প পথ হিসাবে আদালতে আগাম জামিনের আবেদন জানানোর সুযোগ ছিল অনুব্রতর সামনে। কিন্তু তিনি শুক্রবার এমন সময় তলবের চিঠি হাতে পেয়েছেন যখন আর আদালতে যাওয়া সম্ভব ছিল না। শনি ও রবিবার আদালত বন্ধ। ফলে সোমবারের অপেক্ষা করা ছাড়া উপায় নেই।

# হিংসাহীন ভোট হলে তৃণমূলের জামানত বাজেয়াপ্ত', চ্যালেঞ্জ শাহের, পালটা কী বললেন চন্দ্রিমা?



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

ছাব্বিশের বিধানসভা নির্বাচনের দামামা বাজিয়ে রবিবার, জামাইষষ্ঠীর দিন কলকাতায় কার্যত ঝটিকা সফর করে গেলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে 'বিজয় সংকল্প কার্যকর্তা সম্মেলন' থেকে রাজ্যের শাসকদলকে নানা বিষয়ে আক্রমণ করলেন। এমনকী তিনবার বিপুল ভোটে জিতে রাজ্যের ক্ষমতায় থাকা তৃণমূলকে চ্যালেঞ্জ করে শাহ বললেন, 'হিংসা আর রিগিং ছাড়া ভোট হলে তৃণমূলের জামানত বাজেয়াপ্ত হবে।শাহের সভা শেষের পর বিকেলে তৃণমূল ভবনে সাংবাদিকদের মুখোমুখি হন চন্দ্রিমা ভট্টাচার্য, কাকলি ঘোষ দস্তিদার, সাগরিকা ঘোষরা। চন্দ্রিমা বলেন, ''মনে রাখবেন, জামাইষষ্ঠীর দিন নেতাজি ইন্ডোর স্টেডিয়ামের মতো বড় প্রেক্ষাগৃহে বিজেপির কর্মসূচির অনুমোদন দেওয়া হয়েছে। মমতা বন্দ্যোপাধ্যায় গণতন্ত্রে বিশ্বাসী বলেই এমনটা করেছেন। আর বলছেন, হিংসা ছাড়া ভোট হলে নাকি তৃণমূলের জামানত বাজেয়াপ্ত হবে। আমরা প্রশ্ন করতে চাই, ভোট কি রাজ্য সরকার করায়? তা তো দিল্লির নির্বাচন কমিশনের দায়িত্ব। ভোটে হিংসা হলে তাহলে নির্বাচন কমিশনেরই দায়। আপনি কি স্বীকার করছেন যে

এরপর ৬ পাতায়

## সম্পাদকীয়

### ২৬-এ বাংলায় বিজেপি সরকার গড়বে', হুঁশিয়ারি দিলেন গেলেন অমিত শাহ

২০২৬ সালের বিধানসভা নির্বাচনকে পাখির চোখ করে রবিবার কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের নেতৃত্বে কলকাতার নেতাজি ইন্ডোরে অনুষ্ঠিত হল রাজ্য বিজেপির এক গুরুত্বপূর্ণ সাংগঠনিক সভা। রাজ্যের মণ্ডল সভাপতি থেকে শুরু করে জেলা এবং রাজ্যস্তরের নেতৃত্ব এই সভায় উপস্থিত ছিলেন। সভার মূল উদ্দেশ্য ছিল আগামী বিধানসভা নির্বাচনের জন্য দলের রণকৌশল নির্ধারণ এবং কর্মীদের চাঙ্গা করা।

এই সভা থেকে অমিত শাহ স্পষ্ট বার্তা দিয়েছেন যে ২০২৬ সালের বিধানসভা নির্বাচনে বিজেপি বাংলায় সরকার গঠনের জন্য বদ্ধপরিকর। তিনি কর্মীদের উদ্দেশে বলেন, "আমি মণ্ডল পদাধিকারীদের আশ্বাস দিচ্ছি, তৃণমূল সরকার বিদায় নিলেই আমাদের কর্মীদের হত্যায় অপরাধীদের মাটির তলা থেকে খুঁজে বের করে শাস্তি দেব। গণতন্ত্রে হিংসা কখনও শোভনীয় নয়। দিদি, সাহস থাকলে, হিংসা ছাড়া নির্বাচন করিয়ে দেখুন। আপনার জামানত জব্দ করে দেবে বাংলার জনতা।"সভায় তাঁর ভাষণে অমিত শাহ রাজ্য সরকারের বিরুদ্ধে তীব্র আক্রমণ শানান। তিনি বলেন, "এই বাংলায় ভোটের সময় এবং দিদি জয় পাওয়ার পরে শয়ে শয়ে বিজেপি কর্মীকে হত্যা করা হয়। দিদি, কত দিন বাঁচাবেন এদের? আমি বলছি আপনার সরকারের সময় এ বার শেষ হয়ে এসেছে। ২০২৬ সালে বিজেপি সরকার গঠন করবে।"

ওয়াকফ আইন নিয়েও তিনি রাজ্য সরকারের বিরোধিতা করেন এবং বলেন, "মমতা দিদি ওয়াকফ আইনের বিরোধিতা করে কার পক্ষ নিচ্ছেন? পুরো বাংলা চাইছে ওয়াকফ ভাল ভাবে চলুক, পারদর্শিতা আসুক, নির্দোষদের জমি যাতে দখল না-হয়ে যায়, সরকারি জমি যাতে অধিগ্রহণ না-হয়। কিন্তু মমতা দিদি এর বিরোধিতা করছেন। ২০২৬ সাল পর্যন্ত যত বিরোধিতা করার করুন, তার পরে আর মুখ্যমন্ত্রীই থাকবেন না।"

এছাড়াও, শাহ 'অপারেশন সিঁদুর' প্রসঙ্গ তুলে বলেন, "মোদীজি যখন অপারেশন সিঁদুরের পরে এখানে এলেন, তখন একটি বাজে রাজনৈতিক মন্তব্য করে অপারেশন সিঁদুরের বিরোধিতা করা হল। আপনি আসলে অপারেশন সিঁদুরের বিরোধিতা করেননি। আপনি দেশের কোটি কোটি মা-বোনের ভাবাবেগ নিয়ে খেলা করেছেন।" অমিত শাহ বাংলার মানুষকে 'সিঁদুরের অপমান' এর জবাব আগামী নির্বাচনে দেওয়ার আহ্বান জানান।

বিএসএফের জন্য জমি প্রসঙ্গেও তিনি রাজ্য সরকারকে একহাত নেন। অমিত শাহ বলেন, "মমতা দিদি, আমরা আপনার থেকে জমি চেয়েছি। পুরো জমি দিয়ে দিন। কাজ শেষ করতে দিন। একটি পাখিও প্রবেশ করতে পারবে না।" তিনি আরও বলেন, "মোদীজির নেতৃত্বে বাংলার বিকাশের জন্য অনেক কাজ হয়েছে। বিকাশের সঙ্গে সঙ্গে বাংলার সংস্কৃতিকেও মোদীজি ভোলেননি। বহু বছর ধরে বাংলার মানুষের দাবি ছিল যাতে বাংলাকে ধ্রুপদী ভাষার স্বীকৃতি দেওয়া হয়।"

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



মৃত্যুঞ্জয় সরদার
(পয়তাল্লিশতম পর্ব)



প্রয়োজন অর্থের। কিন্তু সেই অর্থ পাওয়ার পরে মানুষ তার প্রয়োগ কীভাবে করছে, সেদিকে তাঁর কড়া নজর। অপচয় বা অন্যায় প্রয়োগ তিনি সইতে পারেন না, তাই তিনি চঞ্চলা। যেকোনো পুজোয় হোক না কেন সব পুজোতে পুজোর একটা রীতি নীতি বা আচার অনুষ্ঠান থাকে ভিন্ন ভিন্ন। আর থাকে বিভিন্ন রকমের মন্ত্র ও নিয়ম। আমাদের সেই মন্ত্র সঠিকভাবে ও সঠিক সময়ে পালন অর্থাৎ উচ্চারণ করে বলাটাই হল একটু জটিল কাজ। প্রত্যেক দেবদেবীর একটা নিজস্ব কিছু রীতি নীতি মন্ত্র ইত্যাদি থাকে। পুজোর সময় সঠিক ভাবে

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

## সাসপেন্ড হল বীরভূম জেলা তৃণমূল ছাত্র পরিষদ সভাপতি কে



**বেবি চক্রবর্তী : কলকাতা**

ফের পুলিশকে বেলাগাম ভাষায় আক্রমণ তৃণমূলের। অভিযোগ, বোলপুরের IC-কে নিশানা করেছিলেন TMCP নেতা বিক্রমজিৎ সাউ। বিতর্কের জেরে এবার ৬ বছরের জন্য সাসপেন্ড করা হল TMCP সভাপতিকে। মূলত তৃণমূল ছাত্র পরিষদ নেতার ভাইরাল ভিডিও ঘিরে বিতর্ক ওঠে। ভাইরাল ভিডিও-তে দেখা যায়, বোলপুরের IC-কে বেলাগাম আক্রমণ করছেন বীরভূম জেলা TMCP নেতা বিক্রমজিৎ সাউ। অভিযুক্তকে সেখানে বলতে শোনা যায়, 'এই লিটন হালদার অনুব্রত নামক ব্র্যান্ডকে দমানোর চেষ্টা করছে। তোমাকে চ্যালেঞ্জ করলাম, তুমি একটা IC, সরকারি কর্মচারী। যদি অন্যায় করে থাকি, আমাকে শাস্তি দিও, পারলে আমার নামে কেস করো। CID-র গ্যারাজ পোস্টিংয়ে ছিলে। তোমাকে দয়া করে দল, সরকার আজকে এই জায়গায় দিয়েছে। এই খবর সংবাদমাধ্যম ও সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়তেই সেই ছাত্র পরিষদের সভাপতি কে দল সাসপেন্ড করলো।

## সতীপীঠের অন্যতম কামাখ্যা



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

কিন্তু প্রজা ব্রাহ্মণের কাছে মাথা নত করতে পারবেন না বলে তিনি পশ্চিমবঙ্গে দূত পাঠালেন। নদিয়া জেলার শান্তিপুরের কাছে মালিপোতার বিশিষ্ট শাক্ত পণ্ডিত কৃষ্ণরাম ভট্টাচার্যকে তিনি অসমে আসার অনুরোধ জানালেন।

**ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# নির্যাতিত পুরুষদের সামাজিক ও আইনী সাহায্য প্রদান এবং পুরুষের সমানাধিকারের দাবীতে মঞ্চে এবার "পুরুষাধিকার DOTCOM"

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ডাক্তার তিলোত্তমার বিচারের দাবীতে সারা পৃথিবী উত্তাল হয়েছে কিন্তু দিলীপ ঘোষের স্ত্রী রিঙ্কু মজুমদারের ছেলে সৃঞ্জয়ের সন্দেহজনক মৃত্যুতে সমাজ কেন অদ্ভুত ভাবে চুপ এই প্রসঙ্গে প্রশ্ন তুললো পুরুষের সমানাধিকারের পক্ষে আওয়াজ তোলা "পুরুষাধিকার DOTCOM" নামের একটি সর্বভারতীয় সামাজিক সংগঠন । ভারতীয় সংবিধানে নারীপুরুষের সমানাধিকার নেই বা অত্যাচারিত পুরুষ এই সমাজে যথাযোগ্য বিচার পায়না, এই অভিযোগ বহু দিনের । নির্যাতিত পুরুষদের নিয়ে "অল বেঙ্গল মেনস্ ফোরাম" দীর্ঘদিন ধরে কাজ করছে । কিন্তু এবার সর্বভারতীয় স্তরে নির্যাতিত নিপীড়িত পুরুষদের সমস্ত রকম সামাজিক ও আইনী সাহায্য করতে এবং পুরুষের সমানাধিকারের দাবীতে দেশব্যাপী প্রচার করতে "পুরুষাধিকার DOTCOM" নামের স্বেচ্ছাসেবী সংগঠন আত্মপ্রকাশ করলো । "মর্দ কো ভি দর্দ হোতা হ্যায়" এইরূপ কোটেশন এবং স্বেচ্ছাসেবীদের কন্টাক্ট নম্বর দিয়ে গণমাধ্যমে রীতিমতো প্রচার করে নির্যাতিত পুরুষদের যোগাযোগ করার পরামর্শ দিল সংগঠনের সদস্যারা । সবচেয়ে তাৎপর্যপূর্ণ বিষয় হলো এই সংগঠনের কোর কমিটির সকল সদস্যা কিন্তু নারী । সংগঠনের অন্যতম সদস্যা যাজ্ঞসেনী বলেন সম্প্রতি গরক্ষপুরে মার্চেন্টনেভি স্বামীকে পনেরো টুকরো করে ড্রামে ভরে রাখা বা বাগুইহাটিতে পিসি শাশুড়িকে হত্যা করে ট্রলিব্যাগে ভরে এক মহিলার গঙ্গায় ফেলতে যাওয়ার মত ঘটনা চোখে আঙুল দিয়ে দেখায় অপরাধ জগতে আজ নারী পুরুষের কোন বিভাজন হয়না । এই সংগঠনের দেবস্মিতা ও চৈতালীর বক্তব্য "সংবিধান যদি নারী পুরুষকে সমান চোখে দেখে বলে দাবী করে, তাহলে সংবিধানে নারীর বিরুদ্ধে পুরুষের উপর ধর্ষণ বা যৌন নির্যাতন করার মত ঘটনায় যথোপযুক্ত শাস্তি প্রদানের বিধান নেই কেন ?" মৌমিতা ও সোমা আরও একধাপ এগিয়ে বলেন "আজকে বিশ্বায়নের যুগে প্রতিদিন একাধিক বিবাহ বিচ্ছেদের মত দুর্ভাগ্যজনক ঘটনা ঘটছে । নারীপুরুষ যদি সমান হয়, তাহলে কোন লজ্জায় নারীরাই শুধু হাতপেতে খোরপোষের টাকা চাইছে ?" সংগঠনের আরও এক বিশিষ্ট সদস্যা অনামিকার বক্তব্য "ভারতবর্ষে বহু মিথ্যা বা সাজানো নারী নির্যাতনের ঘটনায় অনেককে শাস্তি পেতে হয় । বিবাহ বিচ্ছেদের পর জীবন বা ভার্জিনিটি নষ্টের কারণে যদি খোরপোষ দাবি করা হয় তাহলে প্রশ্ন ওঠে পুরুষদের কি জীবন বা ভার্জিনিটি নেই ? বিবাহ বিচ্ছেদের টাকা হাত পেতে চেয়ে আমরা মহিলারাই কি নিজেদেরকে সমাজের চোখে পণ্য করে তুলছি না ?" পোষ্টার, ব্যানার ও গণমাধ্যমে নিজেদের ফোন নম্বর দিয়ে ইতিমধ্যেই কাজ শুরু করেছেন যাজ্ঞসেনী, দেবস্মিতা, চৈতালী, মৌমিতা, সোমা এবং অনামিকার মত "পুরুষাধিকার DOTCOM" এর সদস্যারা । তাদের এই আন্তরিক প্রয়াস আগামীদিনে ভারতীয় সমাজ ও বিচার ব্যবস্থায় যে একটি দৃষ্টান্তমূলক পদক্ষেপ হতে চলেছে সেই বিষয়ে কোন সন্দেহ নেই ।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফামেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি | 10 জীবন জ্যোতি ফামেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফামেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফামেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফামেসী | 17 ইউনিক ফামেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফামেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফামেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফামেসী | 28 সৌভিক ফামেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফামেসী |




# ফের বাংলায় উদ্ধার বেআইনি অস্ত্র! মুর্শিদাবাদে তল্লাশিতে পুলিশের জালে বিহারের বাসিন্দা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

আবারও বাংলা থেকে অস্ত্র উদ্ধার। গতকাল, শনিবার সন্ধ্যায় মুর্শিদাবাদের ফরাক্কার একটি হোটেলে তল্লাশি চালিয়েছিল বেঙ্গল এসটিএফ। পাওয়া গেছে বেআইনি পিস্তল ও ম্যাগাজিন। এই ঘটনায় বিহারের ভাগলপুরের অস্ত্র ব্যবসায়ীকে গ্রেফতার করা হয়েছে। বিধাননগর কোর্টে নিয়ে যাওয়া হলে তার ১৪ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দিয়েছে আদালত।

গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে অভিযান চালিয়েছিল বেঙ্গল এসটিএফ বা স্পেশাল টাস্ক ফোর্স। অভিযান চলাকালীন মুর্শিদাবাদের নিউ ফরাক্কা বাসস্ট্যান্ডের কাছে হোটেল রজনীগন্ধা থেকে ওই ব্যক্তির কাছ থেকে উদ্ধার হয় ওই বেআইনি অস্ত্র। জানা গেছে, ধৃত ওই ব্যক্তির নাম সত্যজিৎ ঘোষ (৪২)। বিহারের ভাগলপুর অঞ্চলে তার বাড়ি।

চারটি ৭.৬৫ ক্যালিবারের সেমি অটোমেটিক পিস্তল, চারটি পিস্তল ম্যাগাজিন উদ্ধার করা হয়েছে ওই ব্যক্তির কাছ থেকে। এই ঘটনায় বেঙ্গল এসটিএফ-এর সল্টলেকের হেডকোয়ার্টার থানায় বেআইনি অস্ত্র আইনের অধীনে মামলা রুজু করেছে পুলিশ। তদন্তের দায়ভার নিয়েছে বেঙ্গল এসটিএফ।

তদন্তে জানা গেছে, সত্যজিৎ নামের ওই ব্যক্তি বিভিন্ন জেলার মধ্যে ছড়িয়ে থাকা অস্ত্রপাচার চক্রের সঙ্গে যুক্ত। দেখাসাক্ষাৎ করে কিছু লোকের কাছে অস্ত্র বেচার উদ্দেশ্য নিয়ে মুর্শিদাবাদে এসেছিল এবং ওই হোটেলেই থাকছিল সে। সূত্র মারফত খবর আসে পুলিশের কাছে, আচমকা হানা দিতে সেখান থেকেই সে ধরা পড়ে স্পেশাল টাস্ক ফোর্সের জালে। বিহার থেকে অস্ত্র বাংলায় আসার ঘটনা আগেও ঘটেছে। বিভিন্ন জেলায় ছড়িয়ে থাকা এই অস্ত্রপাচার চক্রের সঙ্গে আর কে কে জড়িত রয়েছে তা খতিয়ে দেখছে পুলিশ। জোরকদমে তদন্ত চলছে।

# ইরানের কাছে পরমাণু চুক্তির প্রস্তাব পাঠিয়েছে যুক্তরাষ্ট্র

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

ইরানের কাছে পারমাণবিক চুক্তির প্রস্তাব পাঠিয়েছে যুক্তরাষ্ট্র। ওমানের মাধ্যমে এই বার্তা পৌঁছে দিয়েছে দেশটি। যুক্তরাষ্ট্র বলছে, চুক্তিটি গ্রহণ করা ইরানের স্বার্থে ভালো হবে। তবে চুক্তির নির্দিষ্ট শর্তাবলী রিপোর্ট লেখা পর্যন্ত প্রকাশ করা হয়নি।

সংবাদমাধ্যমের প্রতিবেদনে বলা হয়েছে, শনিবার হোয়াইট হাউস নিশ্চিত করেছে যে, যুক্তরাষ্ট্র ইরানের সঙ্গে একটি নতুন পারমাণবিক চুক্তির প্রস্তাব পাঠিয়েছে। ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি জানান, ওমানের পররাষ্ট্রমন্ত্রী বাদর আল বুসাইদি সম্প্রতি তেহরান সফরে এসে তাকে যুক্তরাষ্ট্রের চুক্তি-সংক্রান্ত কিছু 'মূল উপাদান' তুলে দিয়েছেন।

এই প্রস্তাবটি এসেছে এমন এক সময়ে, যখন জাতিসংঘের পারমাণবিক পর্যবেক্ষক সংস্থা ইন্টারন্যাশনাল অ্যাটমিক এনার্জি এজেন্সি (আইএইএ) জানিয়েছে, ইরান আবারও সমৃদ্ধ ইউরেনিয়াম উৎপাদন বাড়িয়েছে, যা পারমাণবিক অস্ত্র তৈরির পথে উদ্বেগজনক পদক্ষেপ।

হোয়াইট হাউসের প্রেস সেক্রেটারি ক্যারোলিন লেভিট বলেন, "চুক্তিটি ইরানের গ্রহণ করাই তাদের স্বার্থে ভালো"। তিনি আরও বলেন, "প্রেসিডেন্ট ট্রাম্প পরিষ্কারভাবে জানিয়ে দিয়েছেন- ইরান কখনওই পারমাণবিক বোমা তৈরি করতে পারবে না।"

প্রতিবেদনে বলা হয়েছে, প্রস্তাবটি যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট



ডোনাল্ড ট্রাম্পের বিশেষ দূত স্টিভ উইটকফ তেহরানকে পাঠিয়েছেন। ইরানের পররাষ্ট্রমন্ত্রী আরাগচি এক্সে (সাবেক টুইটার) লিখেছেন, "এই প্রস্তাবের জবাব আমরা আমাদের জাতীয় স্বার্থ ও জনগণের অধিকার অনুযায়ী দেব।"

আইএইএ এক প্রতিবেদনে বলেছে, ইরান বর্তমানে ৬০ শতাংশ মাত্রায় সমৃদ্ধ ৪০০ কেজির বেশি ইউরেনিয়াম মজুদ করে রেখেছে—যা অস্ত্র তৈরির জন্য প্রয়োজনীয় ৯০ শতাংশ মাত্রার খুব কাছাকাছি। বিশেষজ্ঞদের মতে, এটি পর্যাপ্ত পরিমাণ যাতে ১০টি পারমাণবিক অস্ত্র তৈরি সম্ভব, যদি আরও পরিশোধন করা হয়। মূলত ইরানই একমাত্র দেশ যার পারমাণবিক অস্ত্র না থাকা সত্ত্বেও এতো উচ্চমাত্রায় ইউরেনিয়াম তৈরি করছে।

এই অবস্থায় যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স ও জার্মানি আইএইএ-র বোর্ডে ইরানকে পারমাণবিক চুক্তির লঙ্ঘনকারী হিসেবে ঘোষণার প্রস্তুতি নিচ্ছে। ইরান এসব অভিযোগকে "রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত" ও "ভিত্তিহীন" বলে দাবি করেছে এবং সতর্ক করেছে যে, আইএইএ-র বোর্ডে যদি তাদের বিরুদ্ধে কোনও পদক্ষেপ নেওয়া হয়, তাহলে তারা "উপযুক্ত জবাব দেবে"।

এমন পরিস্থিতিতে যুক্তরাষ্ট্র দীর্ঘদিন ধরেই ইরানের পারমাণবিক সক্ষমতা সীমিত করার চেষ্টা করে আসছে। চলতি বছরের এপ্রিল থেকে ওমানের মধ্যস্থতায় ওয়াশিংটন ও তেহরানের মধ্যে পর্দার আড়ালে আলোচনা চলছে।

দুই পক্ষই আলোচনা নিয়ে আশাবাদী হলেও মূল বিতর্ক ইউরেনিয়াম সমৃদ্ধকরণ চালিয়ে যাওয়ার অধিকার নিয়ে। আইএইএ-এর সর্বশেষ রিপোর্ট বলছে, ইরান গত তিন মাস ধরে প্রতি মাসেই এমন মাত্রায় সমৃদ্ধ ইউরেনিয়াম তৈরি করেছে যা একেকটি পারমাণবিক বোমা তৈরির জন্য যথেষ্ট।

যুক্তরাষ্ট্রের একাধিক সূত্রের মতে, ইরান চাইলে দুই সপ্তাহেরও কম সময়ে অস্ত্র-মানের ইউরেনিয়াম তৈরি করতে পারে এবং কয়েক মাসের মধ্যে পারমাণবিক বোমাও বানাতে সক্ষম। যদিও ইরান বরাবরই বলেছে, তাদের পারমাণবিক কর্মসূচি শান্তিপূর্ণ।

(৩ পাতার পর)

## হিংসাহীন ভোট হলে তৃণমূলের জামানত বাজেয়াপ্ত', চ্যালেঞ্জ শাহের, পালটা কী বললেন চন্দ্রিমা?

ভোটের সময় আপনাদের কেন্দ্রীয় বাহিনী থাকা সত্ত্বেও হিংসা দমন করতে ব্যর্থ হয়েছে?"মমতা বন্দ্যোপাধ্যায় আর মুখ্যমন্ত্রী হতে পারবেন না।" তাঁর এই চ্যালেঞ্জের পালটায় তৃণমূলের তরফে চন্দ্রিমা ভট্টাচার্য, কাকলি ঘোষ দস্তিদারদের সাফ বক্তব্য, "ভোট করায় দিল্লির নির্বাচন কমিশন। হিংসা হলে তার দায় কমিশনের।"

রবিবার নেতাজি ইন্ডোর থেকে অমিত শাহ অভিযোগের সুরে বলেন, "বাংলায় ভোটের সময় আর তৃণমূল জেতার পর জয় পাওয়ার পরে শয়ে শয়ে বিজেপি কর্মীকে হত্যা করা হয়। তৃণমূলের গুন্ডারা এসব করে। দিদি, কত দিন বাঁচাবেন এদের?" এরপর তাঁর হুঁশিয়ারি, "আমি বলছি, আপনার (সরকারের) সময় এবার শেষ হয়ে এসেছে। ২০২৬ সালে বাংলার মাটিতে বিজেপি সরকার গঠন করবে। আমি মণ্ডল পদাধিকারীদের আশ্বাস দিচ্ছি, আমাদের কর্মীদের হত্যার নেপথ্যে যারা দায়ী, সেসব অপরাধীদের মাটির তলা থেকে খুঁজে বের করে শাস্তি দেব। দিদি, সাহস থাকলে, হিংসা ছাড়া নির্বাচন করিয়ে দেখুন। আপনার জামানত জব্দ করে দেবে বাংলার জনতা।"

# সিনেমার খবর

## ‘সিংহাম রিটার্নস’-কেও ছাড়িয়ে গেল ‘রেইড টু’

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন




বলিউড সুপারস্টার অজয় দেবগন অভিনীত ‘রেইড টু’ বর্তমানে বক্স অফিসে দুর্দান্ত সাড়া ফেলেছে। রাজ কুমার গুপ্তা পরিচালিত এই ক্রাইম থ্রিলার ছবিটি ১ মে ভারতের প্রেক্ষাগৃহে মুক্তি পায়। ছবিতে দুর্নীতির বিরুদ্ধে আয়কর বিভাগের অভিযানকে কেন্দ্র করে তৈরি হয়েছে মূল কাহিনি। ‘রেইড’ (২০১৮)-এর সিক্যুয়েল এই ছবিটি ইতোমধ্যে সমালোচকদের প্রশংসা এবং দর্শকের ভালোবাসা কুড়িয়েছে। ছবিটি মুক্তির ২২ দিনেই বক্স অফিসে আয় দাঁড়িয়েছে ১৫৬.৮৫ কোটি রুপি। ফিল্ম ট্র্যাকার স্যাকনিল্ক-এর তথ্যমতে, তৃতীয় বৃহস্পতিবার অর্থাৎ মুক্তির ২২তম দিনে ছবিটির আয় ছিল ১.৭৫ কোটি রুপি। যদিও শুরুতে ১৬০ কোটির লক্ষ্যে ছুটেছিল ‘রেইড টু’, তবে বর্তমানে আয়ের হার কিছুটা কমেছে।

প্রথম চার দিনেই ‘রেইড টু’ আয় করে ৭০ কোটি রুপির বেশি, যেখানে রবিবার একদিনেই ছবির সর্বোচ্চ আয় ছিল ২২ কোটিরও বেশি। প্রথম সপ্তাহ শেষে মোট আয় দাঁড়ায় ৯৫.৭৫ কোটি রুপি।

তৃতীয় সপ্তাহে প্রবেশের পর থেকে ছবির আয় প্রতিদিন কমতে থাকে। ১৬ থেকে ২২ মে পর্যন্ত দৈনিক আয় গড়ে দাঁড়ায় ১.৭৫ কোটি রুপি।

এই মুহূর্তে ‘রেইড টু’, অজয়ের আগের দুটি সুপারহিট ছবি—‘সিংহাম রিটার্নস’ ও ‘শয়তান’-এর বক্স অফিস রেকর্ড পেছনে ফেলেছে। এখন দৃষ্টি ১৬০ কোটি রুপি স্পর্শ করার দিকে। তবে চলমান প্রবণতা বলছে, পরবর্তী কয়েকদিনের পারফরম্যান্সই নির্ধারণ করবে সিনেমাটি শেষ পর্যন্ত কোথায় গিয়ে থামবে।

## যে কারণে সিনেমা থেকে বাদ পড়লেন দীপিকা!



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

বলিউড অভিনেত্রী দীপিকা পাড়ুকোন এবং দক্ষিণী সুপারস্টার প্রভাস গত বছর ‘কাল্কি ২৮৯৮ এডি’ ছবিতে একসঙ্গে কাজ করেছিলেন। বলা হচ্ছিল, দুজনে ‘অ্যানিম্যাল’ ছবির পরিচালক সন্দীপ রেড্ডি বাঙ্গার আসন্ন ছবি ‘স্পিরিট’- এও একসঙ্গে কাজ করবেন তারা। কিন্তু তা আর হচ্ছে না।

শোনা যাচ্ছে, দীপিকা নাকি আর এই ছবির অংশ নন! অর্থাৎ, দীপিকাকে নিজের এই সিনেমা থেকে বাদ দিলেন পরিচালক সন্দীপ; দাবি করেন, অতিরিক্ত পারিশ্রমিকের চাহিদা রয়েছে দীপিকার।

ভারতীয় গণমাধ্যমের খবর, দীপিকার অতিরিক্ত পারিশ্রমিক দাবির কারণেই নাকি সন্দীপ এমনটা করেছেন। দীপিকার দাবি ছিল যে তিনি মাত্র ৮ ঘণ্টা কাজ করবেন। এরপরই বিষয়টি জটিল হয়ে ওঠে যখন অভিনেত্রী ছবির লাভের একটা বড় অংশ চেয়ে বসেন। শুধু তাই নয়, দীপিকা তেলুগুতে ডায়ালগ বলতেও অস্বীকার করেন বলে দাবি।

এও বলা হয়েছে, দীপিকা এই ছবির জন্য এখন পর্যন্ত সবচেয়ে বেশি পারিশ্রমিক পেতে চলেছিলেন, যা প্রায় ২০ কোটি রুপি বলে জানা গেছে। আর এরকম সব দাবির কারণেই নাকি সন্দীপ বিরক্ত হয়ে পড়েন এবং দীপিকাকে ছবি থেকে বাদ দেওয়ার সিদ্ধান্ত নেন। বলা হচ্ছে যে তিনি এখন নতুন অভিনেত্রীর খোঁজে রয়েছেন।

উল্লেখ্য, এর আগে পিঙ্কভিলার রিপোর্ট এসেছিল যে দীপিকার গর্ভবতী হওয়ার কারণে ছবির শুটিংয়ে দেরি হচ্ছে। ছবির শুটিং নাকি ২০২৪ সালের শেষের দিকেই শুরু হওয়ার কথা ছিল। শুটিংয়ের তারিখ নিয়ে নেওয়ার পরেও দীপিকা ছবিটি সাইন করতে অস্বীকার করেছিলেন। কিন্তু রিপোর্ট অনুযায়ী সন্দীপ আবার নতুন সময়সূচি তৈরি করেছিলেন।

## কানের উদ্দেশে রওনা দিলেন আলিয়া

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন



সব জল্পনার অবসান ঘটিয়ে অবশেষে কান চলচ্চিত্র উৎসবের উদ্দেশে রওনা দিয়েছেন বলিউড অভিনেত্রী আলিয়া ভাট। গত কয়েক দিন ধরেই কানের লাল গালিচায় কোন কোন তারকাদের দেখা যাবে, তা নিয়ে চলছিল তুমুল আলোচনা।

শর্মিলা ঠাকুর থেকে ঐশ্বরিয়া রাই বচ্চন ইতোমধ্যেই নজর কেড়েছেন, তবে আলিয়ার উপস্থিতি নিয়ে ছিল অনিশ্চয়তা। ফ্রান্সের উদ্দেশে রওনা দেওয়ার সময় মুম্বাই বিমানবন্দরে আলিয়াকে দেখা গেল তার নিজস্ব স্টাইলে।

ব্লেজার, ট্রাউজার এবং চোখে রোদচশমা—এই পোশাকেই তিনি ক্যামেরাবন্দী হয়েছেন। এই ছবি প্রকাশ্যে আসতেই আলিয়া ভক্তদের মুখে চওড়া হাসি।

যত দিন যাচ্ছে, নায়িকার স্টাইল স্টেটমেন্টও যেন সকলের নজর কাড়ছে। তাই এ বছর কানের লাল গালিচায়ও যে নতুন কিছু চমক অপেক্ষা করছে, সেটাই আশা করছেন আলিয়ার অনুরাগীরা।

# কাঁধে সার্জারি করাবেন বেলিংহাম, ক্লাব বিশ্বকাপ শেষ এনড্রিকের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

প্রায় দেড় বছর একটা ইনজুরি বয়ে বেড়াচ্ছেন রিয়াল মাদ্রিদের ইংলিশ মিডফিল্ডার জুড বেলিংহাম। এবার স্থায়ী সমাধানের আশায় সার্জারি করানোর সিদ্ধান্ত নিয়েছেন তিনি। যে সার্জারি করালে সুস্থ হয়ে মাঠে ফিরতে তিন মাসের মতো লেগে যাবে তার।




গত মৌসুমে রিয়াল মাদ্রিদে এসেই কাঁধের ইনজুরিতে পড়েছিলেন বেলিংহাম। তিন সপ্তাহ বিশ্রাম নিয়ে মাঠে ফিরলেও কাঁধের সংযোগ পুরোপুরি জোড়া লাগেনি। ওই ইনজুরি নিয়ে গত মৌসুমের পাশাপাশি চলতি মৌসুম খেলে গেছেন তিনি। কিন্তু আগামী বছর বিশ্বকাপ থাকায় স্থায়ী সমাধানের কথা ভাবছেন সাবেক বরুশিয়া ডর্টমুন্ড মিডফিল্ডার। তবে সার্জারি বেলিংহাম ক্লাব বিশ্বকাপের পরে করাতে পারেন। সার্জারি করালে তিনি আগামী মৌসুমের শুরুতে খেলতে পারবেন না।

ক্লাব বিশ্বকাপে লস ব্লাঙ্কোসরা ইনজুরি কাটিয়ে ফেরা এদের মিলিতাও এবং দানি কারভাহালকে পেতে যাচ্ছে। তবে ইনজুরি নিয়ে ছিটকে গেছেন রিয়ালের তরুণ ব্রাজিলিয়ান স্ট্রাইকার এনড্রিক।

তিনি ডান পায়ের মাংশপেশির ইনজুরিতে পড়েছেন। রিয়াল মাদ্রিদ তার ইনজুরির কথা জানালেও কতদিন মাঠের বাইরে থাকতে হবে তা জানায়নি। সূত্রের বরাত দিয়ে সংবাদ মাধ্যম ইএসপিএন জানিয়েছে, দুই মাসের মতো মাঠের বাইরে থাকতে হবে এই ব্রাজিলিয়ানকে। যার অর্থ জুনে ব্রাজিলের বিশ্বকাপ বাছাইপর্বে তো বটেই জুনের ক্লাব বিশ্বকাপের দলেও থাকা হবে না তার।

# রিয়াল মাদ্রিদ ছাড়ছেন লুকা মদরিচ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ফিফা ক্লাব বিশ্বকাপ শেষেই রিয়াল মাদ্রিদ ছাড়ছেন লুকা মদরিচ।

বৃহস্পতিবার ইনস্টাগ্রাম বার্তায় এ তথ্য জানিয়েছেন ব্যালন ডি'অরজয়ী এই মিডফিল্ডার।

তিনি জানান, শনিবার লা লিগায় রিয়াল সোসিয়েদাদের বিপক্ষে ম্যাচটিই সান্তিয়াগো বার্নাব্যুতে তার শেষ ম্যাচ।

২০১২ সাল থেকে ১৩ বছরে রিয়ালের হয়ে ৬টি চ্যাম্পিয়নস লিগ ও ৪টি লা লিগাসহ মোট ২৮টি ট্রফি জিতেছেন লুকা মদ্রিচ। রিয়ালের জার্সিতে ৫৯০ ম্যাচ খেলে খেলেছেন তিনি।

মদরিচ লিখেছেন, 'এসেছিলাম বিশ্বের সেরা ক্লাবের জার্সি পরার আশা এবং বড় কিছু করার আকাঙ্ক্ষা নিয়ে। কিন্তু এরপর যা ঘটেছে তা আমি কখনো কল্পনাও করিনি। রিয়াল মাদ্রিদের হয়ে খেলা আমার ফুটবলজীবন এবং ব্যক্তিজীবন-উভয়ই বদলে দিয়েছে।'

লিওনেল মেসি ও ক্রিস্টিয়ানো রোনালদো যখন তুমুল প্রতিদ্বন্দ্বিতায় একের পর বর্ষসেরার খেতাব জয় করছিলেন, তখন দুজনের বাইরের কেউ হিসেবে ২০১৮ সালে ব্যালন ডি'অর জেতেন মদরিচ।

# বার্সেলোনার সঙ্গে রাফিনিয়ার নতুন চুক্তি

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বার্সেলোনার সঙ্গে চুক্তির মেয়াদ আরও এক বছর বাড়িয়ে নিয়েছেন ব্রাজিলিয়ান ফরোয়ার্ড রাফায়ের রাফিনিয়া। অবশ্য তার সঙ্গে কাতালানদের চুক্তি ছিল ২০২৭ সালের জুন পর্যন্ত, যা এখন গিয়ে ঠেকেছে ২০২৮-এ।

চলতি মৌসুমে দুর্দান্ত ফর্মে থাকা এই সেলেসাও তারকা বার্সেলোনার হয়ে ৫৬ ম্যাচে ৩৪ গোল ও ২৫টি অ্যাসিস্ট করেছেন। যা হ্যান্সি ফ্লিকের দায়িত্ব নেওয়ার পর প্রথম মৌসুমেই কাতালানদের তিনটি ঘরোয়া শিরোপা জিততে ভূমিকা রেখেছে। ঘরোয়া ট্রেবল পূর্ণ হয়েছে লা লিগা, কোপা দেল রে এবং স্প্যানিশ সুপার কাপ জয়ের মাধ্যমে। আর প্রতিটিতেই তারা দাপট দেখিয়ে হারিয়েছে চিরপ্রতিদ্বন্দ্বী রিয়াল মাদ্রিদকে।

ক্লাবের সঙ্গে সম্পর্কটা আরও একটু বাড়িয়ে নিয়ে রাফিনিয়া বলছেন, 'আমার জন্য এটা খুবই তৃপ্তিদায়ক ও দারুণ স্পেশাল। খুবই খুশি আমি এবং এই ক্লাবে আসার পর থেকেই আমার সবচেয়ে বড় ব্যক্তিগত চাওয়া ছিল সমর্থকদের আনন্দ উপহার দেওয়া। আমি এখন




রাফিনিয়া, একজন বাবা, একইসঙ্গে অধিনায়কও। যখন প্রথমবার ব্লুগ্রানায় আসি, সেই সময়ের চেয়ে এখন আমার ওপর অনেক দায়িত্ব। প্রতি বছরই আমার মাঝে ম্যাচুরিটি এসেছে, আগের চেয়ে আমি অনেক পরিণত হয়েছি।'

স্বপ্নের ক্লাবের সঙ্গে নতুন এই চুক্তির খবরটি নিজের ইনস্টাগ্রামে জানিয়েছেন রাফিনিয়ার স্ত্রী নাতালিয়া বেল্লোলি। সঙ্গে জুড়ে দেওয়া ছবিতে বার্সেলোনা সভাপতি হুয়ান লাপোর্তা ও নাতালিয়ার মাঝে সন্তান কোলে দাঁড়িয়ে রাফিনিয়া। সবাই মিলে ধরে রেখেছেন রাফিনিয়ার জার্সি, যাতে লেখা ২০২৮। এর মানে কী সেটি আর খোলাসা করে বলতে হয়নি সেলেসাও তারকার স্ত্রীকে। তবে আরেকটু সম্পর্কের গভীরতা বোঝাতে ক্যাপশন লিখেছেন- 'আমাদের ঘর।'

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR